WWW.WBCSMADEEASY.IN



2021

BENGALI

PAPER-II

*Time Allowed — 3 Hours* *Full Marks — 200*

*If the questions attempted are in excess of the prescribed number, only the questions attempted first up to the prescribed number shall be valued and the remaining ones ignored.*

(উত্তর সাধু বা চলিত যেকোনো একটি ভাষারীতিতে হওয়া বাঞ্ছনীয়।)

## বিভাগ-ক

(*যেকোনো তিনটি* প্রশ্নের উত্তর লিখুন।) ৪০×৩=১২০

১। 'অভিসার' বলতে কী বোঝায়? বৈষ্ণব পদাবলীতে 'অভিসার' পর্যায়ের গুরুত্ব কতখানি? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? এই পর্যায়ের আরও দুজন বিশিষ্ট পদকর্তার পদরচনার সঙ্গে তাঁর পদের তুলনামূলক আলোচনা করে এই শ্রেষ্ঠত্বের কারণ নির্ণয় করুন।

২। চণ্ডীমঙ্গল কাব্য অবলম্বনে কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তীর সমাজচেতনা ও কৌতুকরস সৃষ্টির নৈপুণ্য বিচার করুন।

৩। 'মেঘনাদবধ কাব্যে'র সূচনায় মধুসূদন লিখেছিলেন—"গাইব, মা বীররসে ভাসি মহাগীত।"—এই প্রতিশ্রুতি কি মধুসূদন শেষপর্যন্ত রক্ষা করতে পেরেছিলেন? বিভিন্ন সর্গের রসসৃষ্টির বিবেচনা করে আপনার মতামত দিন।

৪। 'কপালকুণ্ডলা' উপন্যাসের আখ্যান নির্মাণে নিয়তির ভূমিকা কতটা গুরুত্বপূর্ণ—যুক্তিসহ বিশ্লেষণ করুন।

৫। রবীন্দ্রকাব্যধারার বাঁকবদল ঘটেছে বারংবার। 'পুনশ্চ' সেই বাঁকবদলের চিহ্নগুলি ধারণ করে আছে। 'পুনশ্চ'-র কবিতা অবলম্বনে রবীন্দ্রকাব্যধারার বাঁকবদল বা পর্বান্তরকে চিহ্নিত করুন।

## বিভাগ-খ

(*যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দিন।) ৪০×২=৮০

৬। সুরেশ না মহিম—গুরুত্বের বিচারে কাকে আপনি 'গৃহদাহ' উপন্যাসের প্রকৃত নায়ক মনে করেন? কারও প্রতি ঔপন্যাসিকের বিশেষ কোনও পক্ষপাত কি আপনি দেখতে পেয়েছেন?—যুক্তিসহ আপনার মতামত দিন।

৭। তাঁর দিনলিপির পাতায় বিভূতিভূষণ লিখেছিলেন—"আমি জন্মান্তরের পথিক-আত্মা।" কিংবা "আমি পথে নেমেছি।..... জগতের এই অপূর্ব গতির রূপ আমার চোখে পড়েছে।"—'পথের পাঁচালী' উপন্যাস জুড়ে আছে এই 'পথ', 'পথিক' ও 'পথচলার' দর্শন।—যুক্তিসহ মন্তব্যটি বিশ্লেষণ করুন।

৮। 'পয়োমুখম্' নামটি বাস্তবিকই ব্যঞ্জনাধর্মী। এই নামকরণের মধ্য দিয়ে জগদীশ গুপ্ত প্রবৃত্তির নাগপাশে বন্দি মানুষের স্বরূপ যেমন উন্মোচিত করতে চান, তেমনি খুলে দিতে চান কৃষ্ণকান্তের মুখোশ। গল্প অবলম্বনে লেখকের কৃতিত্বের পরিচয় দিন।

৯। 'অ্যাবসার্ড নাটক' বলতে কী বোঝায়? 'এবং ইন্দ্রজিৎ' নাটকটিকে কি অ্যাবসার্ড নাটক বলা যাবে? যুক্তিসহ আপনার মতামত দিন।



For Classroom / Online guidance / coaching of WBCS Prelims , Main Exam by experts and officers and Interview by IAS / WBCS Gr A Officers/ Toppers, WBCS Prelims and Main Mock Test (Classroom & Online), Optional Subjects, Studymaterials, Correspondence Course etc. Call WBCSMadeEasy™ at Toll Free no 1800 572 9282 or 8274048710 0r 9674493673 or mail us at mailus@wbcsmadeeasy.in (Our centers as of now - College Street 8585843673, Garia/ HO 8274048710, Siliguri - 9051265991. Medinipur 8274972589)